



# শেখ রাসেল পদক-২০২৪

## ব্যবহার নির্দেশিকা V-03

### ➤ নিবন্ধন প্রক্রিয়া

প্রথমে <https://award.sheikhrussel.gov.bd/> ওয়েব সাইটে গিয়ে পদক সম্পর্কিত নির্দেশনা পড়ুন। তারপর আপনাকে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের সময় আপনার নাম, ইমেইল ও পাসওয়ার্ড প্রয়োজন হবে।

আপনার নিবন্ধিত ইমেইলে একটি ভেরিফিকেশন লিঙ্ক যাবে। উক্ত লিঙ্কে ক্লিক করে ভেরিফিকেশন করে আপনার প্রোফাইল সম্পাদন করতে হবে। পাসওয়ার্ড ভুলে গেলে নিবন্ধিত ইমেইল এর মাধ্যমে পুনরুদ্ধার করা যাবে এবং লগইন করে পাসওয়ার্ড পরিবর্তন ও প্রোফাইল আপডেট করা যাবে।

### ➤ আবেদন প্রক্রিয়া

ড্যাশবোর্ডে থেকে ব্যক্তিগত আবেদন অথবা প্রতিষ্ঠানিক আবেদনের ধরণ নির্বাচন করতে হবে। নির্বাচন করার পর, আবেদন ফর্মে নিচের তথ্যসমূহ প্রদান করতে হবে-

#### ▪ সাধারণ তথ্য-

১। প্রথমে আবেদনের উদ্যোগ/প্রকল্প/ধারণা/অবদান/ অন্যান্য শিরোনামের ধরণ নির্বাচন করতে হবে এবং শিরোনাম লিখতে হবে।

২। আবেদনের যৌক্তিকতা অনধিক ৫০০ শব্দের মধ্যে লিখতে হবে।

৩। ইতোমধ্যে শেখ রাসেল পদক পেয়েছেন কিনা? সেটা নির্বাচন করতে হবে। যদি হ্যাঁ হয়, পদক প্রাপ্তির সাল ও পদকের ক্ষেত্র নির্বাচন করতে হবে।

৪। ব্যক্তিগত আবেদনের ক্ষেত্রে ব্যক্তি ও প্রতিষ্ঠান প্রধানের নাম, পিতার নাম, মাতার নাম, পেশা, জন্ম তারিখ, শ্রেণি, রোল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, ফোন, মোবাইল নম্বর, ই-মেইল লিখতে হবে।

প্রতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য (শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা) প্রতিষ্ঠানের পক্ষে আবেদনকারীর তথ্য (নাম, প্রশা, পদবী, শিক্ষাগত যোগ্যতা, ফোন, মোবাইল নম্বর, ই-মেইল) লিখতে হবে।

তারপর আপনার স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা লিখতে হবে।

## ▪ বিস্তারিত তথ্য-

### ৫। প্রমাণকসমূহের তালিকাঃ

আবেদনের ধরণের উপর ভিত্তি করে বিভিন্ন ধরণের **প্রমাণক আপলোড** করতে হবে। সকল ক্ষেত্রে আপনার প্রমাণক সমূহের লিঙ্ক অথবা ফাইল আপলোড করতে হবে। লিঙ্কের ক্ষেত্রে (বড় ফাইল অথবা মিডিয়া, Audia, Vedio) **'Access Public'** এবং ফাইল আপলোডের ক্ষেত্রে (pdf, doc and jpg) সর্বোচ্চ **৫ মেগাবাইট** হতে হবে।

- আবেদনকারীর **ছবি** (২০০ কেবি বা কম, ৩০০X৩০০ পিক্সেল) আপলোড করতে হবে।
- আবেদনকারীর **স্বাক্ষর** (২০০ কেবি বা কম, ৩০০X৮০ পিক্সেল) আপলোড করতে হবে।
- **জন্মনিবন্ধন/এনআইডি** সনদ (ছবি ৪০০ কেবি বা কম ) আপলোড করতে হবে।

উপরের প্রদত্ত তথ্য এবং সংযুক্তি কাগজপত্র আমার জানামতে সঠিক। পরবর্তীতে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে (প্রমাণকসমূহের 'Access Public' হতে হবে) তে টিক চিহ্ন দিতে হবে এবং আবেদন সাবমিট করতে হবে।

আবেদন সফল ভাবে সাবমিট হলে 'ধন্যবাদ! আপনার আবেদনটি সফলভাবে **সাবমিট** হয়েছে' বার্তা পাবেন।



- আবেদন করার পর, ড্যাশবোর্ডে থেকে দাখিলকৃত আবেদনটির স্ট্যাটাস দেখা যাবে এবং **পিডিএফ ফরমেটে ডাউনলোড** করা যাবে।



- নির্বাচিত আবেদন সমূহ মূল্যায়ন ও পুরস্কার প্রদানের ক্ষেত্রে **'শেখ রাসেল পদক নীতিমালা, ২০২২'** বিবেচনা করা হবে।

আপনার কোন মতামত, পরামর্শ বা জিজ্ঞাসা থাকলে স্কুদে বার্তা পাঠাতে পারবেন অথবা ইমেইলের মাধ্যমে জানাতে পারবেন। যে কোন কারিগরি সহায়তার জন্য **WhatsApp** এ টেক্সট অথবা কল করতে পারবেন।

[ **বি দ্রঃ** বিগত বছরে নিবন্ধন করে থাকলে আপনি নিবন্ধিত ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে পারবেন। ]

**কারিগরি সহায়তায়-তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।**



**Website:**

<https://award.sheikhrussel.gov.bd>



**Technical Contact:**

**+8801710278760**



**Email:**

[abu.kowsar@doict.gov.bd](mailto:abu.kowsar@doict.gov.bd)